

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৭২৭.০১৩.২০১৬-

তারিখঃ-----খ্রিঃ।

আদেশ

যেহেতু, জনাব মোঃ আব্দুল হানিফ, ইলেকট্রিশিয়ান কাম পাম্প অপারেটর, শেরপুর যুব প্রশিক্ষণ কেন্দ্রে কর্মকালীন বিগত ০৩-০১-২০১১ হতে ২৩-৫-২০১৫ খ্রিঃ পর্যন্ত মোট ০৪ বছর ০৪ মাস ১৯ দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগে অত্র দপ্তরের ১২-৪-২০১৬ খ্রিঃ তারিখের ৯৭ সংখ্যক স্মারকে তার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক বিভাগীয় মামলা চালু করা হয়;

যেহেতু, তিনি বিভাগীয় মামলায় লিখিতভাবে জবাব দাখিল করেন। তার আবেদনের প্রেক্ষিতে গত ১২-৬-২০১৬ খ্রিঃ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানীতে প্রদত্ত বক্তব্যের প্রেক্ষিতে আনীত অভিযোগের বিষয়ে বিভাগীয় তদন্তের প্রয়োজন অনুভূত হওয়ায় তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন। প্রাপ্ত তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত মর্মে উল্লেখ করা হয়;

যেহেতু, তার লিখিত জবাব, নথিপত্র পর্যালোচনা এবং প্রাপ্ত তদন্ত প্রতিবেদনে অভিযোগ প্রমাণিত মর্মে উল্লেখ থাকায় অভিযুক্ত-কে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক চাকুরী হতে বরখাস্তকরণ(Dismissal from Service) দণ্ড প্রদানের প্রস্তাবপূর্বক ১২-১২-২০১৬ খ্রিঃ তারিখের ৩৩০ সংখ্যক স্মারকে ২য় কারণ দর্শানোর নোটিশ জারী করা হয়। সে প্রেক্ষিতে তিনি ২য় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন। উক্ত জবাবে তিনি অপরাধ স্বীকারপূর্বক মামলা থেকে অব্যাহতি চান;

যেহেতু, অভিযুক্ত কর্মচারী জনাব মোঃ আব্দুল হানিফ, যুব প্রশিক্ষণ কেন্দ্র, শেরপুর এর বিরুদ্ধে ০৩-০১-২০১১ খ্রিঃ তারিখ হতে ২৩-৫-২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত অননুমোদিতভাবে অনুপস্থিতির অভিযোগ বিভাগীয় তদন্তে প্রমাণিত। তিনি ২৬-১২-২০১০ খ্রিঃ তারিখ হতে ৩০-১২-২০১০ খ্রিঃ তারিখ পর্যন্ত নৈমিত্তিক ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করেন। এরপর তিনি ০৩-১-২০১১ খ্রিঃ হতে ২৩-৫-২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত লাগাতার অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। যদিও তার জবাবে তিনি উল্লেখ করেছেন যে, তিনি ৩১-১২-২০১০ এবং ০১-০১-২০১১ খ্রিঃ তারিখ সাপ্তাহিক ছুটি শেষে তার নৈমিত্তিক ছুটি ভোগ করে(সাপ্তাহিক ছুটিসহ) ০২-০১-২০১১ খ্রিঃ তারিখে অফিসে উপস্থিত হয়েছিলেন এবং উচ্চ-রক্তচাপসহ আনুসংগিক রোগে মারাত্মক অসুস্থ হয়ে পড়ায় কর্তৃপক্ষের কাছে সাত দিনের ছুটি বৃদ্ধির দরখাস্ত দিয়ে তাৎক্ষণিক প্রাথমিক চিকিৎসা গ্রহণ করে কর্মস্থল ত্যাগ করেছিলেন। কিন্তু ০৭(সাত) দিন ছুটি বৃদ্ধির দরখাস্ত দাখিলের স্বপক্ষে কোন প্রমাণ তিনি দাখিল করতে পারেননি। অফিস রেকর্ডেও কোন দালিলিক প্রমাণ এ বিষয়ে পাওয়া যায়নি। দীর্ঘ অনুপস্থিতির সময় তিনি অসুস্থ ছিলেন এবং চিকিৎসায় ছিলেন মর্মে জবাবে উল্লেখ করলেও তার স্বপক্ষে প্রমাণক কোন দলিল/ কাগজপত্র/ চিকিৎসাপত্র তিনি দাখিল করেননি। তিনি সমাপ্ত প্রকল্পের একজন কর্মচারী, চাকরি এখনও নিয়মিত/ স্থায়ীকরণ হয়নি। এমতাবস্থায় চাকুরি হতে বরখাস্ত / অপসারণ এর মত গুরুদণ্ড না দিয়ে তাকে সংশোধনের সুযোগ দেয়া উচিত বলে বলে প্রতীয়মান হয়।

সেহেতু, সার্বিক বিবেচনায় অভিযুক্ত কর্মচারী জনাব মোঃ আব্দুল হানিফ, ইলেকট্রিশিয়ান কাম পাম্প অপারেটর- কে লঘুদণ্ড দেয়ার সিদ্ধান্ত দেয়া হলো।

সেহেতু, এফক্ষে তাকে সরকারী কর্মচারী(শৃংখলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধিমতে অসদাচরণ ও ডিজাশনের অভিযোগে দোষী সাব্যস্ত করা হলো এবং একই বিধিমালা ৪(২)(এ) মোতাবেক "তিরস্কার" দণ্ডে দণ্ডিত করা হলো। একই সাথে ভবিষ্যতে এ ধরনের কর্মকান্ডের পুনরাবৃত্তি যাতে না ঘটে সেজন্য সতর্ক করা হলো। ০৩-০১-২০১১ খ্রিঃ তারিখ হতে ২৩-৫-২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত তার অননুমোদিত অনুপস্থিতির সময় তার ছুটির প্রাপ্যতা এবং উপর্যুক্ত প্রমাণক দাখিল সাপেক্ষে ছুটি বিধি অনুযায়ী নিষ্পত্তিযোগ্য।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোন-৯৫৫৯৩৮৯।

নং-৩৪.০১.০০০০.০০৭২৭.০১৩.২০১৬-১৯

তারিখঃ ৩০-১-২০১৭ খ্রিঃ।

- অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো
- ০১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, শেরপুর।
 - ০২। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে আদেশের কপিটি ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
 - ০৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, শেরপুর/হবিগঞ্জ।
 - ০৪। ডেপুটি কো অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, শেরপুর/হবিগঞ্জ।
 - ০৫। সহকারী পরিচালক(প্রশাসন) যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
 - ০৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, সরিষাবাড়ী, জামালপুর- প্রাপকের স্থায়ী ঠিকানায় পত্রটি বিলিপূর্বক (প্রাপকের পাওয়া না গেলে প্রাপকের আত্মীয়স্বজনকে, গ্রহনকারীর নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা ও ন্যূনপক্ষে দুইজন স্বাক্ষীর তারিখ উল্লেখপূর্বক নাম ঠিকানা সহ) সার্ভিস রিটার্ন অত্র দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে নির্দেশ প্রদান করা হলো।
 - ০৭। জনাব মোঃ আব্দুল হানিফ, ইলেকট্রিশিয়ান কাম পাম্প অপারেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, শেরপুর।
 - ০৮। জনাব মোঃ আব্দুল হানিফ, পিতা- মোঃ আব্দুল হালিম, গ্রাম- বাউশী উত্তর পাড়া, পোঃ- বাউশী বাংগালী, উপজেলা- সরিষাবাড়ী, জেলা- জামালপুর।
 - ০৯। অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ আতাউর রহমান)
সহকারী পরিচালক(শৃংখলা)
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।